

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-৭৭

তারিখঃ ২২ মাঘ ১৪২৬ ব.
০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হোসাইন-এর অনুকূলে আগস্ট/২০১৮ থেকে মে/২০১৯ পর্যন্ত প্রাপ্ত খোরপোষ ভাতা ব্যতীত অবশিষ্ট প্রাপ্য বেতন-ভাতার সরকারি অংশ প্রদানের বিষয়ে তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হোসাইন কর্তৃক সচিব, টিএমইডি বরাবর ২৬/৯/২০১৯ তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মুহাম্মদ আফজাল হোসাইন ০১/০১/১৯৯৭ তারিখ থেকে মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদে কর্মরত আছেন। বিগত ০৬/৮/২০১৬ তারিখে প্রতিষ্ঠান কর্তৃক তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং ০৫/১১/২০১৬ তারিখে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়।

০২। তাঁর (জনাব মুহাম্মদ আফজাল হোসাইন এর) উক্ত সময়ের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হলেও আগস্ট/২০১৮ থেকে মে/২০১৯ পর্যন্ত পূর্ণ বেতনের পরিবর্তে কেবলমাত্র খোরপোষ ভাতা প্রদান করা হয়। কিন্তু মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ তারিখে প্রদত্ত রায়/আদেশ (বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত না রাখা সংক্রান্ত) উপেক্ষা করে তাকে খোরপোষ ভাতা ব্যতীত বকেয়া বেতন-ভাতার (এমপিও) অংশ প্রদান করা হয়নি মর্মে আবেদনে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এক্ষণে উপাধ্যক্ষ, জনাব মুহাম্মদ আফজাল হোসাইন আগস্ট/২০১৮ থেকে মে/২০১৯ পর্যন্ত প্রাপ্ত খোরপোষ ব্যতীত অবশিষ্ট বেতন-ভাতার সরকারি অংশ পাওয়ার জন্য সচিব, টিএমইডি বরাবর বিবেচ্য আবেদন দাখিল করা হয়েছে।


০৪। আলোচ্য আবেদনের বর্ণনামতে উপাধ্যক্ষ, জনাব মুহাম্মদ আফজাল হোসাইন-কে ০৬/৮/২০১৬ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় এবং ০৫/১১/২০১৬ তারিখে অর্থাৎ ৯০ (নব্বই) দিনে পরে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়েছে। কিন্তু আবেদনকারী সাময়িক বরখাস্তকালীন (০৬/৮/১৬ হতে ০৫/১১/১৬) সময়ের খোরপোষ ভাতা ব্যতীত বকেয়া বেতন-ভাতা চাওয়ার পরিবর্তে আগস্ট/২০১৮ থেকে মে/২০১৯ পর্যন্ত সময়ের খোরপোষ ভাতা ব্যতীত বকেয়া বেতন-ভাতার অংশ কেন দাবী করেছেন সেটি স্পষ্ট নয়।

০৫। বর্ণিত প্রেক্ষাপটে হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ, জনাব মুহাম্মদ আফজাল হোসাইন কর্তৃক চাহিত প্রতিকারের (বকেয়া প্রাপ্তির) বিষয়টি নিম্নলিখিতকরণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়ে তথ্যাদি প্রয়োজন-

- উপাধ্যক্ষ, জনাব মুহাম্মদ আফজাল হোসাইন এর সাময়িক বরখাস্তের মেয়াদকাল কত?
- জনাব মুহাম্মদ আফজাল হোসাইন-কে কোন তারিখে চাকুরীতে পুনর্বহাল ও পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) চালু করা হয়েছে?
- সাময়িক বরখাস্তকালীন সময়ের বেতন-ভাতা (এমপিও) (খোরপোষ ভাতা ব্যতীত অবশিষ্ট অংশ) প্রাপ্ত হয়েছেন কিনা?
- প্রকৃতপক্ষে কোন সময়ের বেতন-ভাতা (এমপিও) বকেয়া আছে?

০৬। এমতাবস্থায়, উল্লিখিতমতে চাহিত তথ্যাদি (সুস্পষ্ট মহামতসহ) এর সমর্থনে প্রস্তাব আগামি ২৫/০২/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সূত্রোক্ত আবেদনের ফটোকপি -০১ পাতা।


(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- জনাব মুহাম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসা, মিরপুর, ঢাকা (সূত্রোক্ত তাঁর আবেদনের প্রেক্ষিতে)।
- অফিস কপি/মাস্টার কপি।